ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স- ১৭৫৯
বিলোনীয়া, ১৬ জুলাই ২০২৫

**বিলোনীয়া মহকুমায় ২১০ জন দিব্যাঙ্গজনদের নানা সহায়তা প্রদান**

দিব্যাঙ্গজনদের কল্যাণে সরকার বিভিন্ন কর্মসূচি গ্রহণ করেছে। 'অ্যাসিস্ট্যান্স টু ডিজেবল পার্সনস ফর এইডস এন্ড অ্যাপ্লায়েন্সেস' এই কেন্দ্রীয় প্রকল্পে দিব্যাঙ্গজনদের কৃত্রিম অঙ্গ এবং বিভিন্ন চলন সামগ্রী দেওয়া হয়। এই প্রকল্পে সাতচাঁদ ব্লক এলাকার ৬৪ জন, পোয়াংবাড়ি ব্লক এলাকার ৮৯ জন এবং বিলোনীয়া পুর পরিষদ এলাকার ৫৭ জন দিব্যাঙ্গজন উপকৃত হয়েছেন। উল্লেখ্য, সাতচাঁদ ব্লক, পোয়াংবাড়ি ব্লক এবং বিলোনীয়া পুর পরিষদ এলাকায় মোট দিব্যাঙ্গজন রয়েছেন যথাক্রমে ১,০৭৩ জন, ২৬২ জন এবং ৩০১ জন। বিলোনীয়াস্থিত সমাজকল্যাণ ও সমাজশিক্ষা জেলা কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।

*******